২৮/১০/২০০৩

দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ১০ কলাম ২

# জা'নগর ভার্সিটিকে বহিরাগত ও সন্ত্রাসমুক্ত করার দাবি

নিজস্ব বার্তা পরিবেশক ঃ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে বহিরাগত ও সন্ত্রাসমুক্ত করে সকল সংগঠনের নেতা-কর্মীদের সহ-অবস্থান নিশ্চিত করার দাবি জানানো হয়েছে।

গতকাল বুধবার জাতীয় প্রেসক্লাবে ছাত্রলীগ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখা আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই দাবি জানানো হয়।

সাংবাদিক সম্মেলনে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখার ছাত্রলীগ সভাপতি মেহেদী জামিল তার লিখিত বক্তব্যে বলেন, গত ১লা অক্টোবর নির্বাচনের দিন ভোররাতে বিশ্ববিদ্যালয়ের ৫টি হলে ছাত্রদলের নেতা-কর্মীরা বিপুলসংখ্যক বহিরাগত নিয়ে ছাত্রলীগের নেতা-কর্মীদের ওপর হামলা করে তারা প্রায় ১শ

বর্তমানে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ছাত্রদলের এবং মুখোশধারী শিবিরের নারকীয় সন্ত্রাসের ভয়াল নগরীতে পরিণত হয়েছে। হলে হলে অবস্থান নিয়েছে বহিরাগতরা। তারা সেখানে ফাও খাচ্ছে। ভয়ভীতি প্রদর্শন করছে সাধারণ ছাত্র-ছাত্রীদের। তাদের নির্যাতনের হাত থেকে সাংবাদিকরাও রেহাই পাচ্ছে না।

প্রায় তিন শতাধিক ছাত্রলীগ নেতা-কর্মী এখন ক্যাম্পাসের বাইরে।

তিনি অবিলম্বে ক্যাম্পাসকে সন্ত্রাসী ও বহিরাগতমুক্ত করে সকলের সহ-অবস্থান নিশ্চিত করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে দাবি জানান।

সাংবাদিক সম্মেলনে ছাত্রলীগ সভাপতি বাহাদুর বেপারি, এ. কে. এম আজিম,